

**প্রথম পত্র**  
**প্রথম অধ্যায়**  
**মৌলিক অর্থনৈতিক সমস্যা ও এর সমাধান**  
**( Basic Economic Problems and its Solution )**

**অর্থনীতি**

অর্থনীতি এমন একটি বিষয় যা সমাজের দুঃস্থাপ্য সম্পদের সাহায্যে মূল্যবান দ্রব্য সামগ্রী উৎপাদনের পথ দেখায় এবং তা মানুষের মধ্যে কীভাবে বন্টন করা হবে তার নির্দেশনাও দিয়ে থাকে।

**মৌলিক অর্থনৈতিক সমস্যা**

অর্থনৈতিক সমস্যা বলতে মূলতঃ সম্পদের স্বল্পতা এবং ‘বাছাই’ বা ‘নির্বাচন’ এর সমস্যাকে বুঝায়। একটি এভাব পূরণ হলেই আবার নতুন নতুন অভাব দেখা দেয়। মানুষের অভাব যেমন অসীম তেমনি সম্পদ যদি অসীম হত তাহলে কোন অর্থনৈতিক সমস্যার উদ্ভব হত না। সুতরাং একমাত্র সীমাবদ্ধ সম্পদের জন্যই অর্থনৈতিক সমস্যার সৃষ্টি হয়। অন্যভাবেও বলা যায়, সীমিত সম্পদ কাজে লাগিয়ে কীভাবে অসীম দূর করা যায় তাই মানব জীবনের মৌলিক অর্থনৈতিক সমস্যা।

**দুঃস্থাপ্যতা**

দুঃস্থাপ্যতা বা স্বল্পতা বলতে বোঝায়, জনগণ তাদের অভাব পূরণ করার জন্য যে পরিমাণ দ্রব্য ও সেবা ভোগ করতে চায় তা প্রয়োজনের তুলনায় অপর্ষণ্ড। মানবজীবনে অভাবের তুলনার সম্পদ সীমিত। সমস্যা সমাধানের জন্য সম্পদের এই অপ্রতুলতাকেই বলা হয় দুঃস্থাপ্যতা।

**নির্বাচন**

মানুষের অভাব যেমন অসীম তেমনি অভাব পূরণের সম্পদ সীমিত। এই সীমিত সম্পদ দ্বারা সকল অভাব এক সাথে পূরণ করা যায় না। আবার মানুষের জীবনে সকল অভাবের গুরুত্ব একই রকম নয়। এ জন্যই মানুষকে অভাব নির্বাচন করতে হয়। একাধিক অভাবের মধ্যে থেকে অধিক গুরুত্বপূর্ণ অভাব বাছাই করাকে নির্বাচন বলে।

উৎপাদন সম্ভবনা রেখা।

উৎপাদন সম্ভবনা রেখা হল একমুখ একটি রেখা যায় বিভিন্ন নির্দিষ্ট পরিমাণ সম্পদ ও চলতি প্রযুক্তির সাপেক্ষে দু’টি উৎপন্ন দ্রব্যের বিভিন্ন সংমিশ্রণ নির্দেশ করে।

অধ্যাপক আর.হি. লিপসি (R.G.Lipsey) মনে করেন “উৎপাদন সম্ভবনা রেখা হল এমন একটি রেখা যে রেখা সম্পদের পূর্ণব্যবহারের মাধ্যমে বিভিন্ন দ্রব্যের এরূপ বিকল্প সমন্বয় সমূহ উপস্থাপন করে, যা অর্জন করা সম্ভব”।

**সুযোগ ব্যয়**

একটি দ্রব্যের অতিরিক্ত উৎপাদন পাবার জন্য অপর দ্রব্যের উৎপাদন যা অবশ্যই ছেড়ে দিতে হয়, সেই ছেড়ে দেয়ার পরিমাণ হল সুযোগ ব্যয়।

অন্যভাবে বলা যায়, একটি কাজের জন্য যে সর্বোত্তম বিকল্পটি হারাতে হয়, সেই হারানোর পরিমাণই হল নির্দিষ্ট কাজের সুযোগ ব্যয়।

**অর্থনৈতিক ব্যবস্থা**

অর্থনৈতিক কার্যাবলি সম্পাদনের প্রাতিষ্ঠানিক ও আইনগত কাঠামোকে অর্থনৈতিক ব্যবস্থা বলে। সমাজে মানুষের সম্পত্তির অধিকার, উৎপাদন, বিনিময়, বণ্টন, ভোগ প্রভৃতি বিষয়ে অর্থনৈতিক কার্যাবলী সম্পাদনে যে প্রাতিষ্ঠানিক কাঠামো গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে সেই প্রাতিষ্ঠানিক কাঠামোকে অর্থনৈতিক ব্যবস্থা বলা হয়।